বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
পরিকল্পনা ও মূল্যায়ন উইং
গাজীপুর-১৭০১

কৃষিই সমৃদ্ধি
Fax: 02-49270200
Tel: 49270024
PABX: 9261501-5
E- mail: dir.plan@bari.gov.bd,
director.bariplan@gmail.com

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০২০.০৬.০০০২.১৭. ৪৮-৪৭ তারিখঃ ০৩/০৬/২৫

**বিষয়ঃ কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল ২০২৫ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্রঃ কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০৯০.১৪.০০৬.২৪-৯৫ তারিখঃ ২৯/০৫/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি (এপ্রিল ২০২৫ পর্যন্ত) পর্যালোচনা সভার সিদ্ধান্তসমূহ (সংযুক্তি-১) বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

০৩/০৬/২৫
(ড. মো. আব্দুর রশীদ BAR10178)
পরিচালক (রুটিন দায়িত্ব)

কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র), বিএআরআই, গাজীপুর/ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা
২. প্রকল্প সমন্বয়কারী পরিচালক, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বারি অংগ), বীজ প্রযুক্তি বিভাগ, বিএআরআই, গাজীপুর।
৩. প্রকল্প পরিচালক, কৃষি যন্ত্রপাতি ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে ফসল উৎপাদন ব্যবস্থাকে অধিকতর লাভজনক করা, এফএমপিই বিভাগ, বিএআরআই, গাজীপুর।
৪. প্রকল্প সমন্বয়ক, তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প (বারি অংগ), তৈলবীজ গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর।
৫. প্রকল্প সমন্বয়কারী পরিচালক, কাজুবাদাম ও কফি গবেষণা, উন্নয়ন ও সম্প্রসারণ (বারি অংগ) প্রকল্প, পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬. প্রকল্প পরিচালক, আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুরের সক্ষমতা বৃদ্ধি এবং বৃহত্তর বরিশাল, ফরিদপুর অঞ্চলে ডাল ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প, আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুর।
৭. এজেন্সি প্রোগ্রাম ডাইরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) (বারি অংগ), বিএআরআই, গাজীপুর।
৮. প্রকল্প পরিচালক, মেহেরপুর সদরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন ও দেশের মধ্য-পশ্চিমাঞ্চলের পরিবেশ-প্রতিবেশ উপযোগী গবেষণা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প, কলেজ রোড, মেহেরপুর সদর, মেহেরপুর।
৯. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান (খামার/এএসআইসিটি (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)/ পোস্ট হারভেস্ট টেকনোলজী/ জীব প্রযুক্তি/ উদ্ভিদ শারীরতত্ত্ব/ বীজ প্রযুক্তি বিভাগ/ উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র) বিএআরআই, গাজীপুর
১০. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (মসলা গবেষণা কেন্দ্র, শিবগঞ্জ, বগুড়া/আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুর/পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, খাগড়াছড়ি/আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জ/প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ, পঞ্চগড়)
১১. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র (যশোর/জামালপুর/ হাটহাজারী, চট্টগ্রাম/রহমতপুর, বরিশাল/আকবরপুর, মৌলভীবাজার/বুড়িরহাট, রংপুর/কুমিল্লা)
১২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র (শিবপুর, নরসিংদী/দুমকী, পটুয়াখালী)/ফল গবেষণা কেন্দ্র, বিনোদপুর, রাজশাহী/আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, গাজীপুর/কন্দাল ফসল গবেষণা উপ-কেন্দ্র, সেউজগাড়ী, বগুড়া/মুন্সীগঞ্জ/কৃষি গবেষণা কেন্দ্র, ঠাকুরগাঁও/পাহাড়তলী, চট্টগ্রাম/ রাইখালী, রাঙ্গামাটি/সাইট্রাস গবেষণা কেন্দ্র, জৈন্তাপুর, সিলেট/পাহাড়াঞ্চল কৃষি গবেষণা কেন্দ্র, রামগড়, খাগড়াছড়ি
১৩. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ (কিশোরগঞ্জ/পাবনা/শাসনগাছা, কুমিল্লা/শিবপুর, নরসিংদী/চেলোপাড়া, বগুড়া/রংপুর/দৌলতপুর, খুলনা/শ্যামপুর, রাজশাহী)
১৪. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, লাক্ষা গবেষণা কেন্দ্র, কল্যানপুর, চাঁপাইনবাবগঞ্জ/কৃষি গবেষণা কেন্দ্র, রাজবাড়ী, দিনাজপুর
১৫. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ (গোপালগঞ্জ/কক্সবাজার)
১৬. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি গবেষণা কেন্দ্র, বেনেরপোতা, সাতক্ষীরা
১৭. ..............................................................................................

অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, গাজীপুর
২. সংশ্লিষ্ট নথি।

**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**
**গাজীপুর-১৭০১**

**সংযুক্তি-১**

**কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল, ২০২৫ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কেন্দ্র/বিভাগ |
|---|---|---|
| ৬.১ | কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহ কর্মপরিকল্পনা অনুযায়ী শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে; | সকল প্রকল্প পরিচালক |
| ৬.২ | কৃষি মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের সকল প্রকল্পের ডিপিপি'তে সন্নিবেশিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকিউরমেন্টের কাজ যথাযথ নিয়ম অনুসরণ করে শতভাগ সম্পন্ন করতে হবে; | সকল প্রকল্প পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভূমি ও ইমারত)/উপ-পরিচালক (সংগ্রহ ও ভান্ডার) |
| ৬.৩ | প্রকল্পের ক্রয় কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করতে হবে। পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক কার্যকর প্রতিযোগিতা নিশ্চিত করে গ্রহণযোগ্য সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ দিতে হবে। একক গ্রহণযোগ্য দরপত্রের বাছাইয়ের ক্ষেত্রে মূল্যায়ন প্রতিবেদনে অন্য সকল দরপত্র দাতার নন রেসপনসিভ হওয়ার কারণ যথাযথভাবে উল্লেখ করে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখাকে অবহিত করতে হবে; | পরিচালক (সেবা ও সরবরাহ)/ সকল প্রকল্প পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভূমি ও ইমারত)/উপ-পরিচালক (সংগ্রহ ও ভান্ডার) |
| ৬.৪ | আমের উৎপাদন, বিপণন এবং রফতানির সম্ভাবনাকে বিবেচনা করে দেশীয় প্রজাতির আমের চারা প্রকল্পে প্রদর্শনীতে অন্তর্ভুক্ত করে মাঠে সম্প্রসারণ করতে হবে; | পরিচালক (গবেষণা)/ উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র |
| ৬.৮ | প্রকল্পের ব্যয় কোনো অবস্থাতেই বাড়ানো যাবে না। প্রকল্পের কাজে কোনো ঠিকাদারের গাফিলতি পাওয়া গেলে সংস্থা প্রধানগণ তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন; | পরিচালক (সেবা ও সরবরাহ)/ সকল প্রকল্প পরিচালক |
| ৬.৯ | সকল ধরনের প্রতিকূলতা মোকাবেলা করে দক্ষতা, স্বচ্ছতা, জবাবদিহিতার সাথে প্রকল্প পরিচালকগণকে দায়িত্ব পালন করতে হবে। এক্ষেত্রে অনৈতিক ও নিয়ম বহির্ভূত কোনো কার্যকলাপের সাথে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে; | সকল প্রকল্প পরিচালক |
| ৬.১০ | 'কাজুবাদাম ও কফি গবেষণা, উন্নয়ন ও সম্প্রসারণ' প্রকল্পের আওতায় ভূ-গর্ভস্থ সেচনালা স্থাপন করে পাহাড়ি অঞ্চল সেচের আওতায় এনে উদ্যোক্তাদের মাধ্যমে মাঠে কাজুবাদাম ও কফি চারা সম্প্রসারণ করতে হবে; | প্রকল্প পরিচালক 'কাজুবাদাম ও কফি গবেষণা, উন্নয়ন ও সম্প্রসারণ' প্রকল্প |
| ৬.১১ | চলমান প্রকল্পসমূহের আওতায় অনাবাদি পতিত জমিতে যেমন: আম বাগান, লিচু বাগান, ইক্ষু বাগান, বসতবাড়ির আঙ্গিনায় বস্তায় আদা চাষ ও হলুদ চাষ সম্প্রসারণে উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সাধারণ মানুষের চাহিদা অনুযায়ী মসলা চাষ সম্প্রসারণ করতে হবে; | পরিচালক (গবেষণা)/মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা কেন্দ্র |
| ৬.১২ | কোনো অবস্থাতেই ইউক্যালিপ্টাস/আকাশমনি গাছ লাগানো যাবেনা। হর্টিকালচার, বেসরকারি নার্সারিতে এ গাছ থাকলে বিনষ্ট করতে হবে। পূর্বের স্থাপিত গাছ কর্তন করে সেখানে উচ্চমূল্যের ফলজ ও বনজ গাছ লাগাতে হবে। এক্ষেত্রে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্প্রতি প্রজ্ঞাপন অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। বেসরকারি নার্সারির ক্ষেত্রে ইউক্যালিপ্টাস/আকাশমনির জাতের চারা উৎপাদন ও বাজারজাতকরণ বন্ধের জন্য প্রজ্ঞাপন জারি করতে হবে; | পরিচালক (গবেষণা)/সকল কেন্দ্র/উপকেন্দ্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ৬.১৪ | চলমান সকল প্রকল্পে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) এবং বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (বিআরআরআই) কর্তৃক উদ্ভাবিত দেশীয় কৃষি যন্ত্রপাতি ক্রয়ের বিষয়ে অগ্রাধিকার দিতে হবে। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (এফএমপিই বিভাগ)/ উপ-পরিচালক (সংগ্রহ ও ভান্ডার) |